## জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মারক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০২০-২০২১/ ১৫৬

তারিখ ঃ ০৪/০৮/২০২০

# সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১৩/০৮/২০২০ ইং তারিখ রোজঃ বৃহস্পতিবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।

২। করোনা ভাইরাস কালীন সময়ে শিশুদের মানসিক বিকাশে বিশেষ যত্ন নেওয়া প্রসঙ্গে।

৩। জয়পুরহাট বিজ্ঞান ও প্রযুক্তি মহিলা কলেজের সংস্কার কাজে অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

..........................................................

..........................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ১৩-০৮-২০২০ইং
রোজ ঃ বৃহস্পতিবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | - |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভায় সভাপতি বিশেষ কারনে সভায় উপস্থিত থাকতে না পারায়, তাঁর অনুপস্থিতে এ কমিটির অন্যতম সদস্য মিসেস রোজী বেগম, কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা সভাপতিত্বে কমিটি সভা অনুষ্ঠিত হয়। তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

**সিদ্ধান্ত** ঃ সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

**২নং আলোচ্য বিষয় ঃ করোনা ভাইরাস কালীন সময়ে শিশুদের মানসিক বিকাশে বিশেষ যত্ন নেওয়া প্রসঙ্গে।**

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, বর্তমানে সারা পৃথিবীর ন্যায় আমাদের দেশেও করোনা ভাইরাস নামক এক মহামারী বিরাজ করছে। এই মহামারীর ফলে দীর্ঘদিন শিশুদের স্কুল বন্ধ আছে, তাছাড়া তারা বাহিরে বের হতে পারছেনা।তাই এ সময়ে তারা যেন মানসিকভাবে বিপর্যস্ত না হয়, সেদিকে খেয়াল রাখতে হবে।

আলোচ্য বিষয়ে মোঃ সাহেদুল আহসান (সোহেল), কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি বলেন- আমাদের সন্তানদের অনুভূতি আমাদেরই বুঝতে হবে। এই মহামারী পরিস্থিতিতে তারা মানসিকভাবে কতটুকু বিপর্যস্ত তা নিয়ে তাদের সাথে আলোচনা করতে হবে। তাদের কে প্রশ্ন করার সুযোগ দিতে হবে। শিশুদের বাড়ীর ভিতরে খেলাধুলার ব্যবস্থা করে তাদের মতকে প্রফুল্ল রাখতে হবে।

আলোচনা কালে মিসেস রোজী বেগম, কাউন্সিলর.সংরক্ষিত-০১, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি বলেন, সমাজের সুবিধা বঞ্চিত মানুষের কথা চিন্তা করে সাধ্যমত ত্রান সহায়তা দেওয়ার ব্যবস্থা করা এবং দরিদ্র পরিবারের শিশুদের সহায়তার জন্য ত্রান কার্যক্রমে শিশু খাদ্য অর্ন্তভূক্ত করা, তাতে দরিদ্র পরিবারের সন্তানরা সঠিক পুষ্টিতে বেড়ে উঠতে পারে।

**সিদ্ধান্ত** ঃ করোনা কালীন সমায়ে শিশুদের যত্ন নেওয়ার ক্ষেত্রে কিকি বিষয়ে পরিবারের সদস্যদের সচেতন থাকতে হবে, সে বিষয়ে সিভিল সার্জন, জয়পুরহাট অফিসের সাথে যোগাযোগ করে, তাদের মতামত নিয়ে একটি নির্দেশনা প্রস্তুত করে পৌরসভার মাধ্যমে প্রচারনা চালানোর বিষয়ে সিদ্ধান্ত গ্রহন কর হলো।

৩নং আলোচ্য বিষয় ঃ জয়পুরহাট  বিজ্ঞান ও প্রযুক্তি মহিলা কলেজের সংস্কার কাজে অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, জয়পুরহাট বিজ্ঞান ও প্রযুক্তি মহিলা কলেজের সংস্কার কাজের জন্য কলেজ কর্তৃপক্ষ মেয়র মহোদয় বরাবর আবেদন করেছেন। মেয়র মহোদয় বিষয়টি প্রাথমিক অনুমোদনের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটিতে পাঠান। সে হিসেবে সভাপতি উপস্থিত সদস্যদের  সুচিন্তিত মতামত প্রদানের জন্য অনুরোধ জানালে, কমিটির সদস্য মোঃ সাহেদুল আহসান সোহেল বলেন, কলেজটি অনেক দিন যাবৎ প্রতিষ্ঠিত হলেও এম পি ও অন্তভূক্ত না হওয়ায় সরকারী সুযোগ সুবিধা তেমন পাননা। তাই সংস্কার কাজের জন্য তাদের চাহিত অর্থ প্রদানের জন্য অভিমত ব্যক্ত করেন। আলোচনা কালে এ কমিটির সদস্য শাম্মীম আজিজ বলেন, কলেজটি তেঘর রেল গেটের কাছে অর্থাৎ আমার নির্বাচনী এলাকার মধ্যে, কলেজ টি জয়পুরহাট এ নারীদের বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তাই কলেজটিকে সার্বিক সহায়তা করার জন্য অভিমত ব্যক্ত করেন।

**সিদ্ধান্ত** ঃ জয়পুরহাট বিজ্ঞান ও প্রযুক্তি মহিলা কলেজের সংস্কার কাজের জন্য কলেজ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত সহায়তা প্রদানের বিষয়ে উপস্থিত সদস্য একমত পোষন করে সিদ্ধান্ত গ্রহন করেন এবং বিষয়টি পৌর পরিষদের সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গ্রহন করেন।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০২০-২০২১/ ২৭৮ | তারিখ ঃ ২৩/০৮/২০২০

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।

২। জনাব/জনাবা ........................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।

৩। অফিস নথি।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

### নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভাপতি বিশেষ কারনে উপস্থিত না থাকায় সভাপত্বিত করেন মিসেস রোজী বেগম,কাউন্সিলর, সংরক্ষিত-০১,জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ১৩/০৮/২০২০ ইং।

রোজ ঃ বৃহস্পতিবার।

সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | [signature] |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | |
| ০৬ | মোঃ সেলিমুর রহমান বাবুল | প্যানেল মেয়র-০১ ও কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-৪, জয়পুরহাট পৌরসভা | মেয়র কর্তৃক মনোনীত | [signature] |